ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

# ইসলামিক ফাউন্ডেশন

মৌলভীবাজার জেলা কার্যালয়।

মুহিবুর ভিলা, ধরকাপন রোড, দর্জির মহল, মৌলভীবাজার।

স্মারক ঃ ১৬.০১.৫৮০০.০২২.০৯.০১২.১৮.১০৫

তারিখ ঃ ০৫ এপ্রিল ২০২৬

বরাবর,

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিন্টেন্ডেন্ট/মুহতামিম
..........................................বিদ্যালয়/ মাদ্রাসা
ডাকঘর..................................................
উপজেলা........................................... জেলা ঃ মৌলভীবাজার।

**বিষয়:** **২০২৫-২০২৬ অর্থ বছরের জেলা পর্যায়ের সীরাত প্রতিযোগিতা বাস্তবায়ন।**

জনাব,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব, বিশ্ব মানবতার মুক্তির দিশারী হযরত মুহাম্মদ (সা) এর জীবনী সম্পর্কে জানার জন্য ইসলামিক ফাউন্ডেশন প্রথমবারের মতো দেশব্যাপী আয়োজন করতে যাচ্ছে সীরাত প্রতিযোগিতা। এ প্রতিযোগিতা জেলা পর্যায় থেকে শুরু হবে। জেলা পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগণ বিভাগীয় পর্যায়ে ও বিভাগীয় পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগণ জাতীয় পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। ২০২৫-২৬ অর্থবছরের সীরাত প্রতিযোগিতার বিভাগীয় ও জেলা পর্যায়ের প্রতিযোগিতা নিম্নরূপ নিয়মাবলী, নির্দেশনা অনুযায়ী বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

**সীরাত প্রতিযোগিতার গ্রুপ**

| ক্রম | গ্রুপ | বিবরণ | বয়সসীমা | (আবেদনের শেষ তারিখ) |
|---|---|---|---|---|
| ১ | ক | ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত স্কুল ও মাদ্রাসার শিক্ষার্থী | অনুর্ধ্ব ১৫ বছর | ৩০/০৪/২০২৬খ্রি. |
| ২ | খ | ৯ম থেকে ১২শ শ্রেণি পর্যন্ত স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থী | অনুর্ধ্ব ১৯ বছর | ৩০/০৪/২০২৬খ্রি. |
| ৩ | গ | বিশ্ববিদ্যালয় পর্যায়ের জেনারেল ও মাদ্রাসা শিক্ষার্থী | অনুর্ধ্ব ২৭ বছর | ৩০/০৪/২০২৬খ্রি. |

**প্রতিযোগিতার জন্য নির্বাচিত সীরাত গ্রন্থ**

| ক্রম | গ্রুপ | বইয়ের নাম | মূল লেখক |
|---|---|---|---|
| ১ | ক | সীরাতে খাতামুল আম্বিয়া নবীয়ে রহমত | মুফতী মুহাম্মদ শফী (রহ) সাইয়েদ আবুল হাসান আলী নভদী |
| ২ | খ | সীরাতুল মুস্তাফা ১ম-৩য় খন্ড<br>আর রাহীকুল মাখতুম | আল্লামা ইদরীস কান্ধলভী<br>আল্লামা সফিউর রহমান মোবারকপুরী |
| ৩ | গ | সীরাতুল মুস্তাফা ১ম-৪র্থ খন্ড | আবু মুহাম্মদ আব্দুল মালেক ইবনে হিশাম ইবনে আইয়ুব |
| | | সীরাত বিশ্বকোষ ৪র্থ -৬ষ্ঠ খন্ড | ইসলামিক ফাউন্ডেশন |

**প্রতিযোগিতার নিয়মাবলী**

১। প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু ছাত্র-ছাত্রীদের ৩০ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে https://forms.gle/LesbFHEL9HZ2WAGh9 প্রবেশ করে আবেদন ফরম পূরণ করে সাবমিট করা যাবে অথবা উপজেলা ও জেলা অফিস থেকে আবেদন ফরম সংগ্রহ করে উপরিউক্ত তারিখের মধ্যে উপজেলা ও জেলা অফিস জমা দেয়া যাবে।

২। জেলা পর্যায়ের প্রতিযোগিতা সারাদেশে একযোগে একইদিনে অনুষ্ঠিত হবে।

৩। পরীক্ষার প্রশ্ন এক কথায় উত্তর, এমসিকিউ ও সংক্ষিপ্তাকারে হবে।

৪। জেলা পর্যায়ে বিজয়ী প্রতিযোগীদের নিয়ে বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতাও অনুরূপভাবে অনুষ্ঠিত হবে।

৫। জাতীয় পর্যায়ে সীরাত প্রতিযোগিতার প্রথম পুরস্কার ৫০ হাজার টাকা, দ্বিতীয় পুরস্কার ৪৫ হাজার টাকা ও তৃতীয় পুরস্কার ৪০ হাজার টাকাসহ ক্রেস্ট ও সনদপত্র।

বিঃ দ্রঃ- জেলা পর্যায়ের প্রতিযোগিতার তারিখ পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।

05.04.2026


(মোঃ ফারুক আলম)
উপ-পরিচালক
ফোন ঃ ০২৯৯৮৮১৮৩০২
ifmbazar@gmail.com

তারিখ ঃ ০৫ এপ্রিল ২০২৬

অনুলিপি বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

স্মারক ঃ ১৬.০১.৫৮০০.০২২.০৯.০১২.১৮. ১০৫

১। উপজেলা নির্বাহী অফিসার,------------------------উপজেলা।

২। জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার।

৩। উপজেলা শিক্ষা অফিসার, সকল উপজেলা, মৌলভীবাজার।

৪। জেলা প্রশাসক মহোদয়ের গোপনীয় সহকারী, মৌলভীবাজার।

৫। ফিল্ড সুপারভাইজার---------------------উপজেলা।

05.04.2026


(মোঃ ফারুক আলম)
উপ-পরিচালক
ফোন ঃ ০২৯৯৮৮১৮৩০২
ifmbazar@gmail.com